

১৭ই মার্চ ২০২৪ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মীর খায়রুল আলম, প্রধান, নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।  
তারিখ : ২৮ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ II ১২ মার্চ ২০২৪  
সময় : বেলা: ১১.০০ ঘটিকায়।  
স্থান : সভাকক্ষ, ৮ম তলা, নগর ভবন, গুলশান-২, ঢাকা-১২১২।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি গভীর শ্রদ্ধার সাথে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্মরণ করেন। ১৭ই মার্চ ২০২৪ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে কর্মসূচি প্রণয়নের জন্য তিনি উপস্থিত সকলের মতামত আহ্বান করেন। এ বছর দিবসটির নির্ধারিত প্রতিপাদ্য নিম্নরূপ:

বঙ্গবন্ধুর স্বপ্ন ধরে  
জানব হাসি সবার ঘরে


সচিব, ডিএনসিসি কর্তৃক মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, শিশু সুরক্ষা শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ২২ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ ৩২.০০.০০০০.০৪১.২৩.০০১.২৩.৫১ সংখ্যক স্মারকের আন্তঃমন্ত্রণালয় প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়।

সভায় বিস্তারিত আলোচনান্তে ১৭ই মার্চ ২০২৪ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের জন্য নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	কর্মসূচি/সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	ডিএনসিসির নগর ভবনে সকাল ১০.০০ ঘটিকায় জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন করা হবে।	সকল বিভাগীয় প্রধান
২.	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সকল গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহে আলোকসজ্জা করা হবে। এ বিষয়ে প্রধান প্রকৌশলী মহোদয় কে বিদ্যুৎ বিভাগসহ সকল বিভাগের সাথে সমন্বয়পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়।	প্রধান প্রকৌশলী প্রধান রাজস্ব কর্মকর্তা মহাব্যবস্থাপক (পরিবহন) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)
৩.	মসজিদ, মন্দির, গির্জাসহ সকল ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন করা হবে।	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা

৪.	ডিএনসিসি নগর ভবনের ৬ষ্ঠ তলায় '১৭ই মার্চ' উদযাপনের লক্ষ্যে সকাল ১০.৩০ ঘটিকায় আলোচনা সভা অনুষ্ঠিত হবে।	সকল বিভাগীয় প্রধান
৫.	ওয়ার্ড পর্যায়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জীবনালেখ্য নিয়ে আলোচনা সভা আয়োজনের জন্য সম্মানিত কাউন্সিলরগণের অনুকূলে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা করে (২৫,০০০/- x ৭২)=১৮,০০,০০০/- (আঠার লক্ষ) প্রদানের সুপারিশ করা হয়।	সম্মানিত কাউন্সিলর (সকল) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা

আর কোন আলোচ্য বিষয় না থাকায় ১৭ই মার্চ ২০২৪ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদযাপনে সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
 মীর খায়রুল আলম  
 প্রধান নির্বাহী কর্মকর্তা  
 ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

স্মারক নং: ৪৬.১০.০০০০.০০৬.২৩.১৭৩.১২-২২৭

তারিখ: ৩৫ ফাল্গুন ১৪৩০  
২৪ মার্চ ২০২৪

বিতরণ: (পদমর্যাদার ক্রমানুসারে নয়)

১. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং ...../সংরক্ষিত আসন নং ....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. বিভাগীয় প্রধান (সকল), ..... ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল ....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (পুষ্পস্তবক অর্পনের জন্য দুটি ফুলের তোরার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৬. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৭. সভাপতি/সাধারণ সম্পাদক....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮. অফিস কপি।